**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**প্রধান প্রকৌশলীর কার্যালয়**
**গণপূর্ত অধিদপ্তর**
**পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা**
**ফোনঃ ০২-৯৫৬২৭৯৫ ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬২৯১৩**
**www.pwd.gov.bd**

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৪৪.১৮/৩১৯৮(২) হি-১ তারিখঃ ১৬/০৩/১৪২৬ বঃ / ৩০/০৬/২০১৯ খ্রিঃ

বরাবর

নির্বাহী প্রকৌশলী
ঢাকা গণপূর্ত বিভাগ-৪, ঢাকা/ গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা।

**বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থ বছরে গণপূর্ত অধিদপ্তরের মেরামত ও সংরক্ষণ খাতের ৩২৫৮১০৬-আবাসিক ভবন কোডে বরাদ্দকৃত ৩০৩,২৭.৭০ লক্ষ টাকার অন্তর্ভূক্ত "থোক" ২৯৪০.৮৯ লক্ষ টাকা হতে ৭১.১৮৩৯৫ লক্ষ টাকা বরাদ্দ।**

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কোড/খাতে চলতি ২০১৮-২০১৯ আর্থিক সালে **মোট ৭১,১৮,৩৯৫/- (একাত্তর লক্ষ আঠার হাজার তিনশত পঁচানব্বই) টাকা** মাত্র নিম্নবিভাজন মোতাবেক বরাদ্দ করা হলো :

| ক্রমিক | কাজের নাম | অর্থ বরাদ্দ | গণপূর্ত বিভাগ |
|---|---|---|---|
| ০১. | ইস্কাটন গার্ডেনস্থ সরকারি অফিসার্স কম্পাউন্ডে অবস্থিত সোনালী (পূর্ব ও পশ্চিম পার্শ্ব), কাজলী (পূর্ব পার্শ্ব), শেফালী, হেমন্তিকা ও স্বরনিকা ভবনের ছাদে পানি পড়া রোধে প্রয়োজনীয় সংস্কারসহ অন্যান্য মেরামত কাজ। | ২৫,৫৬,৯৫৭/- | ১১৮৯১১-ঢাকা গণপূর্ত বিভাগ-৪, ঢাকা |
| ০২. | ঢাকার ধানমন্ডিস্থ সিনিয়র সচিব, অতিরিক্ত সচিব, যুগ্ম সচিব মহোদয়গণের সরকারি বাসভবন নং-৯ (শাপলা শালুক), রোড নং-৩, ২টি ভবনের ২০টি ফ্ল্যাটে ওয়াল আলমিরা ও কিচেন কেবিনেট তৈরী ও স্থাপন কাজ। | ৩০,৬১,৪৩৮/- | ১১৮৯১৫-গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা |
| ০৩. | বাড়ী নং-৭/১০, স্যার সৈয়দ রোড, মোহাম্মদপুর, ঢাকাস্থ বাংলো বাড়ীর সম্মুখ অংশে পেভমেন্ট করণ, নিরাপত্তা গ্রীল স্থাপন, ওয়াল/ কিচেন কেবিনেট নবায়ন, ছাদ মেরামত, প্রধান গেইট নবায়ন, গ্যারেজ, গার্ড রুম, সেমিপাকা সার্ভেন্ট রুম মেরামতসহ প্রয়োজনীয় সিভিল ও স্যানিটারী অভ্যন্তরীণ বহিঃস্থ মেরামত ও সংস্কার কাজ এবং বাড়ী নং-এম/৯ (নীচতলা ও ২য় তলা, নুরজাহান রোড, বাড়ী নং-৩/৯, (নীচ তলা), সলিমুল্লাহ রোড, বাড়ী নং-সি/২৯ (নীচ তলা, ২য় তলা ও ৩য় তলা) জাকির হোসেন রোড, মোহাম্মদপুর, ঢাকা এর প্রয়োজনীয় সিভিল ও স্যানিটারী মেরামত ও সংস্কার কাজ। | ১৫,০০,০০০/- | ১১৮৯১৫-গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা |
| | মোটঃ | ৭১,১৮,৩৯৫/- | -- |

উক্ত খরচ যুগ্ম সচিব, বাজেট অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর যথাক্রমে স্মারক নং-/৪০৭ তারিখ ৩০/০৬/২০১৯ খ্রিঃ, নং-/৩৯৮ তারিখ ২৬/০৬/২০১৯ খ্রিঃ, নং-/৩৯৯ তারিখ ২৬/০৬/২০১৯ খ্রিঃ এর দ্বারা মঞ্জুরিকৃত ৭১.১৮৩৯৫ লক্ষ টাকা চলতি ২০১৮-২০১৯ আর্থিক সালের গণপূর্ত অধিদপ্তরের মেরামত ও সংরক্ষণ খাতের ৩২৫৮১০৬-আবাসিক ভবন কোডে বরাদ্দকৃত ৩০৩,২৭.৭০ লক্ষ টাকার অন্তর্ভূক্ত "থোক" এ সংরক্ষিত ২৯৪০.৮৯ লক্ষ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

**উক্ত অর্থ বরাদ্দ প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক অনুমোদিত।**

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ/পালন করতে হবে :

**শর্তসমূহঃ-**

ক) **প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিকট হতে পৃষ্ঠাংকন পত্র প্রাপ্তির পর বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে।**
খ) ছাড়কৃত অর্থ অনুমোদিত প্রাক্কলন অনুসারে ব্যয় করতে হবে।
গ) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ (সংশোধনীসহ) এবং অর্থ বিভাগের ১৮/০১/২০১০ তারিখের অম/অবি/বা-১/বিবিধ(৩৮)/২০০৭/১০ নম্বর পরিপত্রের বিধানাবলী যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করতে হবে।
ঘ) এ অর্থ দ্বারা পূর্ববর্তী বছর/ বছরসমূহের কোন কাজের বকেয়া পরিশোধ করা যাবে না।
ঙ) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত গণপূর্ত অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থ বছরের ব্যয় বিভাজনে অন্তর্ভূক্ত সুনির্দিষ্ট ৬,৩৮৮টি কাজের সাথে দ্বৈততা পরিহার করতে হবে এবং অনুমোদিত ব্যয় প্রাক্কলন অনুসারে ব্যয় করতে হবে।
চ) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে মন্ত্রণালয়ের চলমান প্রকল্প/ কর্মসূচির সাথে দ্বৈততা পরিহার করতে হবে।
ছ) এ অর্থ ব্যয়/ বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
জ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে এ দপ্তরে সমর্পণ করতে হবে।

(আশেক আহমেদ শিবলী)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪

চলমান পাতা-২

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৪৪.১৮/১১৯৪/১(১৭) হি-১ তারিখঃ ১৬/০৬/১৪২৬ বঃ
৩০/০৬/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)** :

১। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত মেট্রোপলিটন জোন।
৪। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। যুগ্ম সচিব, বাজেট অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইহা তার পূর্ব পৃষ্ঠায় বর্ণিত স্মারকের বরাত বহন করে।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-২, ঢাকা/ গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল, ঢাকা।
৮। উপ সচিব, বাজেট অধিশাখা-২৪, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এমআইএস (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম) বিভাগ-২, ঢাকা।
১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য়-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১৩। তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-৩, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১৪। গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(আশেক আহমেদ শিবলী)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪